গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা-৪ শাখা,
www.moha.gov.bd

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাভুক্ত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক "০৭টি বিভাগীয় শহরে ২০০ শয্যা বিশিষ্ট মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র নির্মাণ" শীর্ষক প্রকল্পের ২০২৫-২৬ অর্থবছরের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (PSC) ২য় সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | |
| সভার তারিখ | ০৭ জুন ২০২৬ |
| সভার সময় | বেলা ০৩.৩০ টায় |
| স্থান | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষ (কক্ষ নং-২০৮, ভবন-০৮, ৩য় তলা) |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

**২.০** উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন, "০৭টি বিভাগীয় শহরে ২০০ শয্যা বিশিষ্ট মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় ২০২৫-২০২৬ অর্থবছরে সংশোধিত এডিপিতে ৩২.০০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। ইতোমধ্যে ১.৬৬ কোটি টাকার অর্থ ছাড় পাওয়া গেছে। এছাড়াও চলতি অর্থবছরে গণপূর্ত অধিদপ্তর হতে রাজশাহীর ভূমি ক্রয়ের নিমিত্ত ২০২৫-২০২৬ অর্থ বছরে আরএডিপি বরাদ্দ বৃদ্ধির নিমিত্ত **১১৩৯০.৯৭** লক্ষ টাকার উপযোজন প্রস্তাব ভৌত অবকাঠামো বিভাগ এবং কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। ২০২৬-২০২৭ অর্থবছরের বাজেটে **১৫১.৫৯** কোটি টাকা বরাদ্দ প্রস্তাব করা হয়েছে।

জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে একজন পূর্ণাঙ্গ প্রকল্প পরিচালক পদায়ন করা হয়েছিল। পরবর্তিতে অসুস্থতার কারণে তাহার পদায়ন আদেশ বাতিল করা হয়। নতুনভাবে প্রকল্প পরিচালক পদায়নের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

## ৩.০ আলোচনা ও সিদ্ধান্ত:

| প্রকল্প সম্পর্কিত তথ্যাদি | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|

| | | |
|---|---|---|
| **প্রকল্পের নাম:**<br><br>“০৭টি বিভাগীয় শহরে ২০০ শয্যা বিশিষ্ট মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র নির্মাণ” শীর্ষক প্রকল্প<br><br>**প্রাক্কলিত ব্যয়:**<br>১৪১৩.১৫ কোটি টাকা<br><br>**বাস্তবায়নকাল:**<br>জুলাই ২০২৫ হতে জুন ২০২৮<br><br>**ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি:**<br>২.০০৯৯৫ লক্ষ টাকা<br>(০.০০১৪%)<br>**ভৌত অগ্রগতি:**<br>০.০০%<br><br>২০২৫-২৬ অর্থবছরে জুলাই ২০২৫ হতে মে ২০২৬ পর্যন্ত ব্যয়: ২.০০৯৯৫ লক্ষ টাকা<br>**বাস্তবায়নকারী সংস্থা:**<br><br>প্রকল্প পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, গণপূর্ত অধিদপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়<br><br>**প্রকল্প পরিচালক:**<br>মোহাম্মদ গোলাম আজম<br>প্রকল্প পরিচালক, অতিরিক্ত মহাপরিচালক (যুগ্ম সচিব)<br>মোবাইল: ০১৪০৪০৭২০০৩ | প্রকল্প পরিচালক সভায় জানান, রাজশাহীর ভূমি (৯.৮৭৮৮ একর) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নামে হস্তান্তরের জন্য গত ০৪ জুন ২০২৬ তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে ভূমি বরাদ্দ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং সভায় অত্র অধিদপ্তরের নামে হস্তান্তরের জন্য ভূমি মন্ত্রণালয়ে এনওসি প্রেরণের সিদ্ধান্ত হয়েছে। এনওসি প্রেরণ করা হলে ভূমি মন্ত্রণালয়ে জমি হস্তান্তরের সিদ্ধান্ত হবে এবং পরবর্তী কার্যক্রম জেলা প্রশাসনের মাধ্যমে সম্পন্ন করা হবে।<br><br>ময়মনসিংহ এবং বরিশালের ভূমি অধিগ্রহণের জন্য জেলা প্রশাসক বরাবর পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণ করা হয়েছে। রংপুর, চট্টগ্রাম, সিলেট ও খুলনার ভূমি অধিগ্রহণের নিমিত্ত পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্রের জন্য আবেদন করা হয়েছে। ছাড়পত্র পাওয়া গেলে ভূমি অধিগ্রহণের নিমিত্ত পরবর্তী প্রক্রিয়া গ্রহণ করা যাবে। পূর্ণাঙ্গ স্থাপত্য নকশা প্রণয়নের উদ্যোগ নেয়া হয়েছে এবং মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর মহোদয়ের সভাপতিত্বে স্থাপত্য নকশা পর্যালোচনা করার জন্য ২টি সভা (০৯ ফেব্রুয়ারি ২০২৬ ও ২২ ফেব্রুয়ারি ২০২৬) তারিখে অনুষ্ঠিত হয়েছে। বর্ধিত জনবল কাঠামোর জন্য কক্ষ বিন্যাস ও ০৭ তলা ভিত্তিপ্রস্তর কে ১০ তলা ভিত্তি প্রস্তর পর্যন্ত বর্ধিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। সভার সিদ্ধান্ত মোতাবেক স্থাপত্য নকশা সংশোধন করা হচ্ছে। স্থাপত্য নকশা চূড়ান্ত হলে Structural Design করা হবে। | (ক) প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগপূর্বক একজন পূর্ণাঙ্গ প্রকল্প পরিচালক পদায়নের ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় তাগিদপত্র প্রেরণ করতে হবে;<br><br>(খ) রাজশাহীর ভূমি (৯.৮৭৮৮ একর) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নামে দ্রুত হস্তান্তরের জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং ভূমি মন্ত্রণালয়ে জমি ব্যবহারের অনাপত্তি সংগ্রহের নিমিত্ত নিবিড় যোগাযোগ রাখতে হবে;<br><br>(গ) রাজশাহী ব্যতীত ডিপিপিতে অন্তর্ভুক্ত অন্য ৬টি বিভাগ (ময়মনসিংহ, বরিশাল, রংপুর, চট্টগ্রাম, সিলেট ও খুলনা) বিভাগের ভূমি অধিগ্রহণের কার্যক্রম দ্রুত সম্পন্নের নিমিত্ত জেলা প্রশাসনের সাথে নিবিড় যোগাযোগ রাখতে হবে এবং জমি হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br><br>(ঘ) “০৭টি বিভাগীয় শহরে ২০০ শয্যা বিশিষ্ট মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র নির্মাণ” শীর্ষক প্রকল্পের পূর্ণাঙ্গ স্থাপত্য নকশা ও স্ট্রাকচারাল নকশা প্রণয়ন ও অনুমোদনপূর্বক পূর্ত কাজের দরপত্র আহ্বানের ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>(ঙ) বার্ষিক ক্রয় ও কর্ম পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের সার্বিক কার্যক্রম সম্পন্ন করতে হবে। |

ায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সমাপ্তি ঘোষণা করা হয়।

১৬-০৬-২০২৬
মনজুর মোর্শেদ চৌধুরী
সিনিয়র সচিব
ফোন : +৮৮০২২২৩৩৫৩৭১০
ফ্যাক্স : +৮৮-০২-৯৩৪৭২৯০
ইমেইল : secretary@moha.gov.bd

তারিখ: ২ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
১৬ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৪৪.০০.০০০০.০০০.০৬৬.৩১.০০০২.২৬.৩৭

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
২। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
৩। সচিব, সচিবের দপ্তর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৪। সচিব, অর্থ বিভাগ।
৫। অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৬। অতিরিক্ত সচিব, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৭। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।
৮। প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর।
৯। অতিরিক্ত প্রধান স্থপতি (অতিরিক্ত দায়িত্ব), অতিরিক্ত প্রধান স্থপতির দপ্তর (জোন-১), স্থাপত্য অধিদপ্তর।
১০। যুগ্মসচিব, পরিকল্পনা-২ অধিশাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১১। প্রকল্প পরিচালক, “০৭টি বিভাগীয় শহরে ২০০ শয্যা বিশিষ্ট মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র নির্মাণ” শীর্ষক প্রকল্প, সেগুনবাগিচা, ঢাকা।
১২। সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১৩। সিস্টেম এনালিস্ট-২, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

১৬-০৬-২০২৬
আলীমুন রাজীব
উপসচিব